


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১৩২.০৬.০০৫.১৬-৫১১

তারিখ: ১১ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

সভার নোটিশ

ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য ইনোভেশন কমিটির চীফ ইনোভেশন অফিসার এর সভাপতিত্বে আগামী ২৮/১২/২০২১ তারিখ মঙ্গলবার বেলা ০৩:৩০-০৪:৩০ ঘটিকা পর্যন্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সংশ্লিষ্ট সকল সদস্যকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।



(মোঃ একরামুল হক শামীম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫২২২ (অঃ)

ই-মেইল: section8.justice@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। যুগ্মসচিব (প্রশাসন-১), আইন ও বিচার বিভাগ।
- ২। উপসচিব (বাজেট ও উন্নয়ন), আইন ও বিচার বিভাগ।
- ৩। উপসচিব (প্রশাসন-২), আইন ও বিচার বিভাগ।
- ৪। উপসচিব (মতামত-৪), আইন ও বিচার বিভাগ।
- ৫। সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৪/৮, বাজেট-১), আইন ও বিচার বিভাগ।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ।

বিষয়ঃ- ২০২১-২২ অর্থ বছরের ই-গভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২.২.৩ নং কর্মসম্পাদন সূচকের
আওতায় কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা।

সভার তারিখ : ২৮/১২/২০২২খ্রিঃ
সময় : ৩.৩০-৪.৩০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ (৭২৭ নং কক্ষ), আইন ও বিচার বিভাগ
সভাপতি : জনাব বিকাশ কুমার সাহা, যুগ্ম-সচিব (প্রশাসন-১), আইন ও বিচার বিভাগ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট-ক সংযুক্ত।

সভার শুরুতে সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য ইনোভেশন টিমের সদস্য সচিবকে নির্দেশ প্রদান করেন।

২। সভার শুরুতে সদস্য সচিব সভার অবগতির জন্য জানান যে, ইনোভেশন টিমের গত ২৯/৮/২০২১ তারিখে অনুষ্ঠিত উদ্ভাবনী ধারণা সহজিকৃত ও ডিজিটলাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভায় বিভাগের সেবা সহজিকরণ ও ডিজিটাইজ করণের লক্ষ্যে বেশ কিছু সিদ্ধান্ত গৃহিত হয়েছে। এছাড়া ই-নথির ব্যবহার ও সক্ষমতা বৃদ্ধির জন্য সকল শাখা ও দপ্তরকে চিঠি প্রেরণ করা হয়েছে।

৩। উক্ত সিদ্ধান্ত সমূহের প্রেক্ষিতে সারাদেশের নিকাহ/বিবাহ নিবন্ধকরণের হালনাগাদ তথ্য ডিজিটাল ফরমেটে সংগ্রহ করে যাচাই বাছাই পূর্বক চূড়ান্ত করে এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য ইনোভেশন টিমের পক্ষ হতে উক্তরূপ তথ্য সংগ্রহের লক্ষ্যে Google Forum এর একটি ডিজিটাল ফরম্যাট প্রস্তুত করা হয়েছে। উক্ত ফরম্যাটে মাঠ প্রশাসনের মাধ্যমে সারাদেশের নিকাহ/বিবাহ নিবন্ধকের তথ্য সংগ্রহের উদ্দেশ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য ইনোভেশন টিমের পক্ষ হতে এ বিভাগের রেজিস্ট্রেশন শাখাকে গত ৯/১২/২০২১ তারিখে অনুরোধ করা হয়েছে।

৪। রেজিস্ট্রেশন শাখার উপ-সচিব সভাকে জানান যে, তারা ইতোমধ্যে উক্ত বিষয়ে কার্যক্রম গ্রহণ করেছে।

৫। সলিসিটর অনুবিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব আব্দুল্লাহ আল মামুন জানান যে, সলিসিটর অনুবিভাগের কার্যাদির, সহজিকরণ, সেবা গ্রহিতা, মন্ত্রণালয়, বিভাগ ও মাঠ প্রশাসন যাতে সহজে তাদের মামলার কাগজাদি পাঠাতে পারে এবং দায়েরকৃত মামলার অবস্থা সম্পর্কে হালনাগাদ তথ্য পেতে পারে সে লক্ষ্যে ডিজিটাল সফটওয়্যার তৈরী কার্যক্রম শুরু করা হয়েছে। পরবর্তী সভায় এসব উদ্যোগের হালনাগাদ তথ্য উপস্থাপন করা হবে।

৬। সভায় সভাপতি মহোদয় বলেন যে, রেজিস্ট্রেশন শাখার নিকাহ/বিবাহ নিবন্ধকের তথ্য ডিজিটাল সংরক্ষণের যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে তা এ অর্থ বছরেই বাস্তবায়নের জন্য সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। এছাড়া নোটারী পাবলিক ও সত্যায়ন সংক্রান্ত সেবা প্রদানের কার্যক্রম সহজিকরণের লক্ষ্যে উদ্ভাবনী ধারণা ও ডিজিটাইজের কার্যক্রম ও গ্রহণ করতে হবে। উক্তরূপ উদ্ভাবনী ধারণা আগামী সভায় উপস্থাপনের

জন্য তিনি অনুরোধ জানান। সলিসিটর অনুবিভাগের সেবা ডিজিটাইজকরণ ও সহজিকরণের লক্ষ্যে দৃশ্যমান কার্যক্রম আগামী সভায় উপস্থাপন করার জন্য তিনি মত প্রদান করেন।

৭। সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

- ক) কাজী/ বিবাহ নিবন্ধকরণের জিডিআল ডাটাবেস তৈরী কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।
- খ) নোটারী পাবলিকের ডিজিআল তালিকা প্রস্তুতের লক্ষ্যে গৃহিত কার্যক্রমের তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।
- গ) সলিসিটর অনুবিভাগের কাজ সহজিকরণ ও ডিজিটাইজের জন্য উদ্ভাবনী ধারণাসহ গৃহিত কার্যক্রমের হালনাগাদ তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।
- ঘ) সত্যায়ন সেবা যাতে নাগরিকগণ সহজে অনলাইনের মাধ্যমে পেতে পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় ডিজিটাইজের কার্যক্রম কি হতে পারে তার ডিজিআল ম্যাপ আগামী সভায় উপস্থাপন করতে হবে।

৮। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

বিকাশ কুমার সাহা
যুগ্ম-সচিব (প্রশাসন)

ও

চীফ ইনোভেশন অফিসার
ইনোভেশন টিম